14 NOV 1997

তারিখ ... NOV 1997
পৃষ্ঠা ১ কলাম ২

দৈনিক সংবাদ

### এইচএসসি পরীক্ষায় অনিয়ম ঃ রাজশাহী

# ২৮১ জন অধ্যক্ষের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা নেয়া হয়েছে

নিজস্ব বার্তা পরিবেশক।। রাজশাহী শিক্ষা বোর্ডের অধীন সরকারি ও বেসরকারি মিলিয়ে ২৮১টি কলেজের অধ্যক্ষের বিরুদ্ধে শিক্ষা মন্ত্রণালয় শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করেছে। ২৬০টি বেসরকারি কলেজের অধ্যক্ষের বেতনের সরকারি অংশ বন্ধ করা হয়েছে এবং ২১টি সরকারি কলেজের অধ্যক্ষকে সাময়িকভাবে বরখাস্ত করা হয়েছে। শিক্ষা মন্ত্রণালয় সরাসরি বেসরকারি কলেজের অধ্যক্ষদের বরখাস্ত করতে না পারায় এ দায়িত্ব প্রত্যেক কলেজের সংশ্লিষ্ট গভর্নিং বডির ওপর ন্যস্ত করা হয়েছে।

গত এইচএসসি পরীক্ষায় বিভিন্ন অনিয়মের জন্যে তাদের বিরুদ্ধে এ ব্যবস্থা গ্রহণ করা হয়। তাদের বিরুদ্ধে অভিযোগ, অনিয়ম করে এসব কলেজে ছাত্রছাত্রীরা এইচএসসি পরীক্ষা দিয়েছিল। গত বুধবার ও বৃহস্পতিবার ২৮১টি কলেজের অধ্যক্ষের কাছে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা অধিদপ্তর থেকে এ সংক্রান্ত চিঠি পাঠানো হয়েছে বলে সংশ্লিষ্ট এক সূত্র জানিয়েছে। গত এইচএসসি ঃ পৃঃ ১২ কঃ ৭

## এইচএসসি ঃ শাস্তিমূলক ব্যবস্থা

(১ম পৃষ্ঠার পর)

এইচএসসি পরীক্ষায় রাজশাহী শিক্ষা বোর্ডের বিভিন্ন কলেজে প্রায় ৭ হাজার পরীক্ষার্থী অনিয়ম করে পরীক্ষা দেয়। রেজিস্ট্রেশনে নাম পরিবর্তন করে বা ভুয়া রেজিস্ট্রেশন করে তারা পরীক্ষা দিয়েছিল। পরে বিষয়টি শিক্ষা বোর্ডে ধরা পড়ে এবং তাদের ফলাফল প্রকাশ স্থগিত রাখা হয়। এ বিষয়ে শিক্ষা মন্ত্রণালয়ের গঠিত তদন্ত কমিটি তাদের রিপোর্টে এ দুর্নীতির জন্যে ছাত্রদের সাথে সংশ্লিষ্ট কলেজের অধ্যক্ষদেরও দায়ী করে এবং অধ্যক্ষদের বিরুদ্ধে শাস্তির ব্যবস্থা নেয়ার সুপারিশ করা হয়। এই সুপারিশ অনুযায়ীই ২৮১টি সরকারি ও বেসরকারি কলেজের শিক্ষকদের বিরুদ্ধে ব্যবস্থা নেয়া হয়েছে। শিক্ষা মন্ত্রণালয়ের এক সূত্র জানিয়েছে, এই ঘটনার জন্যে রাজশাহী শিক্ষা বোর্ডের ৩ জন কর্মকর্তা ও ৯ জন কর্মচারীকেও ইতোমধ্যে বরখাস্ত করা হয়েছে।

সূত্র জানায়, সরকারি কলেজের যে ২১ জন অধ্যক্ষকে সাময়িকভাবে বরখাস্ত করা হয়েছে, তার মধ্যে ৪ জন অধ্যক্ষ এলপিআর-এ রয়েছেন। তাই ১৭ জন অধ্যক্ষের বরখাস্ত কার্যকর করা হয়েছে, তবে ২১ জন অধ্যক্ষের বিরুদ্ধেই ১৯৮৫ সালের সরকারি কর্মচারী শৃংখলা আইনের বিধিতে ব্যবস্থা নেয়া হবে। বেসরকারি কলেজগুলো শিক্ষা মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন নয়। এই কলেজগুলো চলে গভর্নিং বডির মাধ্যমে। তাই শিক্ষা অধিদপ্তর থেকে প্রত্যেক কলেজের গভর্নিং বডির কাছে চিঠি দেয়া হয়েছে অভিযুক্ত অধ্যক্ষদের বিরুদ্ধে যথাযথ ব্যবস্থা নেয়ার জন্যে। তবে নভেম্বর মাস থেকে এসব অধ্যক্ষের বেতনভাতার সরকারি অংশ স্থগিত করে রাখা হয়েছে বলে সংশ্লিষ্ট সূত্র জানিয়েছে। রাজশাহী শিক্ষা বোর্ড ৭ হাজার পরীক্ষার্থীর মধ্যে প্রায় ৪ হাজার পরীক্ষার্থীর ফলাফল বাতিল করে। বাকিদের অপরাধ কম থাকায় ফলাফল প্রকাশ করা হয়।